



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ত/পিআর/০৩/

তারিখ: ৫ মে, ২০১৯

## প্রেসবিজ্ঞপ্তি

আজ ৫ মে, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি অনুষদ আয়োজিত শিক্ষকদের আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলায় ফুড এন্ড টি টেকনোলজি (এফইটি) বিভাগ চ্যাম্পিয়ন হয়। এফইটি বিভাগ কম্পিউটার সায়েন্সেস এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগকে ১৯ রানে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলা শেষে মুক্তমঞ্চে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ পুরস্কার বিতরণ করেন। এসময় তিনি বলেন, শিক্ষা ও গবেষণা কার্যক্রমের পাশাপাশি খেলাধুলায় অংশগ্রহণ শিক্ষকদের মানসিকভাবে আরো উজ্জীবিত করবে। তিনি সুন্দর এই আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

এসময় বক্তব্য রাখেন প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমদ, আইপিই বিভাগের প্রধান প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম, এফইটি বিভাগের প্রধান প্রফেসর ড. ইফতেখার আহমেদ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান (ভারপ্রাপ্ত) মো. জাহিদুল ইসলাম, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান (ভারপ্রাপ্ত) মো. আরিফ আহমেদ।